গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস- ২ শাখা
Website: www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৮৫.০০৬.০১.০০.০১০.২০১২-৫২১ তারিখঃ ৩০/০৭/২০১৭ খ্রিঃ

বিষয় ঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানির সমস্যাসহ বিদ্যমান বিভিন্ন সমস্যা নিরসনকল্পে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র ঃ ১৭ জুলাই, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভা।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানির সমস্যাসহ বিদ্যমান বিভিন্ন সমস্যা নিরসনকল্পে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে ১৭ জুলাই, ২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এসাথে প্রেরণ করা হল।

এমতাবস্থায়, বর্ণিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম/বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ পাতা।

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
e-mailঃ watersupply_02@yahoo.com

বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ঃ

১। মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
৪। প্রধান প্রকৌশলী,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
৬। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২। চেয়ারম্যান, ঢাকা ওয়াসা বোর্ড, ওয়াসা ভবন, কাওরান বাজার, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

E:\Meeting\Forwarding.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা

বিষয়ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানির সমস্যাসহ বিদ্যমান বিভিন্ন সমস্যা সমাধানকল্পে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	ঃ	**খন্দকার মোশাররফ হোসেন, এমপি** মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সভার স্থান	ঃ	মাননীয় মন্ত্রী'র অফিস কক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ	ঃ	১৭ জুলাই, ২০১৭ (সোমবার), বিকাল ০৩:০০ ঘটিকা
উপস্থিত কর্মকর্তাদের তালিকা	ঃ	পরিশিষ্ট- 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি তাঁর সূচনা বক্তব্যে বলেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকা একটি ঘনবতিপূর্ণ গুরুত্বপূর্ণ শিল্প নগরী। এখানে প্রায় ১ কোটি বিভিন্ন শ্রেণী-পেশার লোক বসবাস করে। নগরবাসীর জন্য সুপেয় পানি সরবরাহ নিশ্চিতকরণ, নতুন রাস্তা নির্মান ও পুরাতন রাস্তার সংস্কার, ব্রীজ-কালভার্ট নির্মানসহ অন্যান্য নাগরিক সুবিধা নিশ্চিত করা সিটি কর্পোরেশনের নির্বাচনী ম্যান্ডেট। নাগরিক সেবার বিষয়ে মেয়রসহ জনপ্রতিনিধিদের প্রতিনিয়ত জনগণের কাছে জবাবদিহি করতে হয়। জনগণের কাঙ্খিত সেবা প্রাপ্তির ক্ষেত্রে তিনি সবার সহযোগিতা কামনা করেন। সভাপতি আরো উল্লেখ করেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন একটি পৃথক প্রশাসনিক সত্তা হলেও এর পানি সরবরাহ কর্তৃপক্ষ ঢাকা ওয়াসা। ঢাকা ওয়াসার মাধ্যমেই নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার জনগণকে পানি সরবরাহ করা হয়। তিনি বলেন ১৯৯২ সালে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার পানি সরবরাহের দায়িত্ব সিটি কর্পোরেশনের কাছ হতে ঢাকা ওয়াসাকে দেয়া হয়। যদি জনগণ ওয়াসা হতে কাঙ্খিত সেবা হতে বঞ্চিত হয় তবে সে ক্ষেত্রে পানি সরবরাহের দায়িত্ব পুনরায় সিটি কর্পোরেশনকে দেয়ার বিষয়টি পর্যালোচনার দাবীদার। অত:পর তিনি পানি সরবরাহসহ রাস্তাঘাট, ব্রীজ কালভার্ট ইত্যাদি বিষয়ে বর্তমান অবস্থা এবং কোন সমস্যা বা সমন্বয়ের কোন ঘাটতি থাকলে সেসব বিষয় উল্লেখ করার জন্য মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ডাঃ সেলিনা হায়াত আইভীকে বক্তব্য প্রদানের অনুরোধ করেন।

২। ডাঃ সেলিনা হায়াত আইভী, মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন তাঁর বক্তব্যের শুরুতে সভার সম্মানিত সভাপতি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন, এমপি-কে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সমস্যা সমাধানকল্পে সভা আহ্বান করার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন মন্ত্রণালয়ের সহযোগিতা ব্যতীত সিটি কর্পোরেশন সুষ্ঠুভাবে পরিচালনা করা সম্ভব নয়। তিনি সিটি কর্পোরেশনের কল্যাণার্থে মাননীয় মন্ত্রী পূর্বে যেরূপ সহযোগিতা করেছেন আগামি দিনগুলোতে অনুরূপ সহযোগিতা প্রত্যাশা করেন। তিনি বলেন সলিমুল্লাহ রোডসহ নারায়ণগঞ্জের বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইন অত্যন্ত পুরানো - ১৯৬৫ সন বা তারও পূর্বে এগুলো স্থাপন করা হয়েছে। কিন্তু এসব পাইপ পরিবর্তন করে নতুন পাইপ স্থাপন না করায় পাইপ ফেটে পানি বের হয়ে রাস্তা যেমন নষ্ট করছে তেমনি সরবরাহকৃত পানির গুনগত মান বজায় থাকছে না। এ সকল পাইপ অনতিবিলম্বে পরিবর্তন করা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। সিদ্ধিরগঞ্জ এলাকার বেশ কিছু জায়গায় ওয়াসার পানি সরবরাহ নেই মর্মেও তিনি জানান। এছাড়া শীতলক্ষ্যা নদীর উপরে কদম রসূল ব্রীজের নির্মাণ কাজ অবিলম্বে শুরু করা প্রয়োজন। জলাবদ্ধতা দূরীকরণে খাল খননে জেলা প্রশাসন যাতে অনাপত্তি পত্র দেয় সে বিষয়ে জেলা প্রশাসকের সহযোগিতা কামনা করেন। সিটি কর্পোরেশনে উপ-সহকারী প্রকৌশলী পদায়নের ব্যবস্থা নেয়ার জন্যও তিনি অনুরোধ জানান। তিনি আরো উল্লেখ করেন যে ২০০৩ সাল থেকে রাস্তা কাটা ক্ষতিপূরণবাবদ ঢাকা ওয়াসার নিকট সিটি কর্পোরেশন এর ১,২১,৩৮,২৬১.০০ (এক কোটি একুশ লক্ষ আটত্রিশ হাজার দুইশত একষট্টি) টাকা পাওনা রয়েছে- যা পরিশোধ করা প্রয়োজন।

৩। প্রকৌশলী তাকসিম এ খান, ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা জানান, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় যেসব পাইপের মাধ্যমে পানি সরবরাহ করা হচ্ছে তা অত্যন্ত পুরাতন- এ বিষয়ে তার কোন দ্বিমত নেই। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ না থাকায় পাইপগুলো পরিবর্তন করা সম্ভব হয়নি। তবে অনতিবিলম্বে সরকারি অর্থে অথবা দাতা সংস্থার অর্থায়নে যেভাবেই হোক পুরাতন পাইপ প্রতিস্থাপনের ব্যবস্থা নেয়া হবে। সিদ্ধিরগঞ্জ এলাকার যেসব জায়গায় ওয়াসার পানি সরবরাহ নেই সেসব জায়গায়ও পানি সরবরাহের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে।

৪। প্রকৌশলী শ্যামা প্রসাদ অধিকারী, প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বলেন, শীতলক্ষ্যা নদীর উপর কদম রসূল ব্রীজ নির্মান বর্তমান সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প। প্রকল্প বাস্তবায়নে এলজিইডি ইতোমধ্যে Feasibility Study সম্পন্ন করেছে। আগামি ১৫ দিনের মধ্যে প্রতিবেদন পাওয়া যাবে। ব্রীজের Approach Road এর জন্য জমি প্রয়োজন। জমি অধিগ্রহণের জন্য তিনি জেলা প্রশাসন ও সিটি কর্পোরেশনের সহযোগিতা কামনা করেন।

৫। জনাব রাব্বী মিয়া, জেলা প্রশাসক নারায়ণগঞ্জ, বলেন ঢাকা ওয়াসার পক্ষে মেগাসিটি ঢাকায় বসবাসরত ২ কোটি নগরবাসীকে পানি সরবরাহ নিশ্চিত করে নারায়ণগঞ্জবাসীকে নিরবচ্ছিন্নভাবে পানি সরবরাহ নিশ্চিত করা দূরুহ। Water Supply Management-কে Smooth করার জন্য Decentralization প্রয়োজন মর্মে তিনি জানান।

৬। বেগম নাসরিন আক্তার, অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ বলেন, বিশুদ্ধ পানি প্রাপ্তি নাগরিকের মৌলিক অধিকার। ঢাকা ও নারায়ণগঞ্জবাসীকে অব্যাহত বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে ঢাকা ওয়াসাকে প্রয়োজনে পৃথক DPP প্রণয়ন করে অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। <u>বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :</u>

ক্রঃ	বিবরণ	বাস্তবায়ন
১।	ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক আগামি ৭ দিনের মধ্যে (২৭/০৭/২০১৭ তারিখের মধ্যে) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকা স্বয়ং পরিদর্শন করে পানি সরবরাহ ব্যবস্থার সমস্যা চিহ্নিতকর ও সমাধানের উপায় নির্ধারণ করবেন এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।	ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসা
২।	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার যেসব অঞ্চলে পানির পাইপ ফেটে পানি প্রবাহিত হয়ে পাইপ সংলগ্ন রাস্তা নষ্ট করছে সেগুলো চিহ্নিত করে আগামি ১৫ দিনের মধ্যে পরিবর্তনের (Replace) ব্যবস্থা নিতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসা
৩।	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে ঢাকা ওয়াসার প্রয়োজনীয় অর্থের সংকুলান না থাকলে DPP প্রয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসা ও মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৪।	শীতলক্ষ্যা নদীর উপর কদম রসূল সেতুর কাজ অনতিবিলম্বে শুরু করার লক্ষ্যে Feasibility Study রিপোর্ট আগামি ১৫ দিনের মধ্যে দাখিল করতে হবে। সেতুর Approach Road তৈরী করার জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে এলজিইডিকে সিটি কর্পোরেশন ও জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ প্রয়োজনীয় সহযোগিতা করবে।	মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ও জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৫।	নারায়ণগঞ্জের জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে খালসমূহ খননের উদ্যোগ নিতে হবে। এ বিষয়ে জেলা প্রশাসন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন-কে প্রয়োজনীয় সহযোগিতা করবে।	মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ও জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
৬।	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের রাস্তা কাটা ক্ষতিপূরণবাবদ ঢাকা ওয়াসার নিকট বকেয়া ১,২১,৩৮,২৬১.০০ টাকা পরিশোধের বিষয়ে জরুরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক ঢাকা ওয়াসা
৭।	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রবিধানমালা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জরুরী ভিত্তিতে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।

৮। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

খন্দকার মোশাররফ হোসেন, এমপি
মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র সভাপতিত্বে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় ঢাকা ওয়াসা কর্তৃক সরবরাহকৃত পানির সমস্যাসহ বিদ্যমান বিভিন্ন সমস্যা সমাধানকল্পে অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগন।

তারিখ: ১৭/০৭/২০১৭
সময় : বিকাল ৩:০০ ঘটিকা

ক্রঃ	নাম, পদবী ও ঠিকানা	ফোন/মোবাইল/ই-মেইল	স্বাক্ষর
১।	শ্যামল প্রসাদ অধিকারী প্রকল্প প্রকৌশলী (কেন্দ্রীয়)	০১৭২৬২৪৬৯১২	[signature] ১৭/৭
২।	নাসরিন আক্তার অতি: সচিব, স্থানীয় সরকার বিভাগ	০১৭১২-১৬৪৭১১	[signature] ১৭/৭/১৭
৩।	সুজিৎ কুমার ঘোষ প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	০১৭২২৩০৫১৪৭	[signature] ১৭/৭/২০১৭
৪।	প্রকৌ: তাকসিম এ খান ব্যবস্থাপনা পরিচালক, DWASA	01741111002	[signature]
৫।	প্রকৌশলী ড: মো: হাফিজুর রহমান চেয়ারম্যান, DWASA Board	01712108007	[signature]
৬।	রাব্বী মিয়া জেলা প্রশাসক নারায়ণগঞ্জ	01713081353	[signature] ১৭-০৭-১৭
৭।	মো: মাহবুব হোসেন অতিরিক্ত সচিব স্থা: সর: বিভাগ	০১৭২০৮৬৬৪৫৮	[signature] ১৭/৭/১৭
৮।	এ. কে. এম. শহিদ উদ্দিন আহমেদ নির্বাহী প্রকৌশলী ঢাকা ওয়াসা	01711363389	[signature] ১৭/৭/১৭
৯।	মো: শফিকুল ইসলাম আকন্দ তত্ত্বা: প্রকৌশলী (নগর), এলজিইডি	01711631617	[signature] ১৭/৭
১০।			
১১।			

ক্রঃ	নাম, পদবী ও ঠিকানা	ফোন/মোবাইল/ই-মেইল	স্বাক্ষর
১২।			
১৩।	ডা: [illegible]		[illegible] ১৭/৭/১৭
১৪।			
১৫।			
১৬।			
১৭।			
১৮।			
১৯।			
২০।			
২১।			
২২।			
২৩।			
২৪।			